R. N. No. 2532/57 Phone No. 66-228. STD 03483 Regd. No.—WB/MSD—4

ভর্তি চলছে

মহকুমায় সর্বপ্রথম বৈজ্ঞানিক পন্থায় আধুনিক যন্ত্রাদির সাহায্যে সব বয়সের পুরুষ ও মহিলাদের শরীর সুস্থ ও সক্ষম রাখার প্রয়াসে—

হেলথ লাইন

রঘুনাথগঞ্জ বাজারপাড়া

( শিবাজী সংঘের সন্নিকটে )

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ

ক্রেডিট সোসাইটি লিঃ

রেজি নং—১২ / ১৯৯৬-৯৭

( মুর্শিদাবাদ জেলা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক অনুমোদিত )

ফোন : ৬৬৫৬০

রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৫শ বর্ষ

৪৩শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ২রা চৈত্র, বুধবার, ১৪০৫ সাল।

১৭ই মার্চ, ১৯৯৯ সাল।

নগদ মূল্য : ১ টাকা

বার্ষিক ৪০ টাকা

### অবশেষে প্রথম কোপ পড়ছে জঙ্গিপুরের উপর

## মৃতপ্রায় সরকারী হাসপাতালকে বেসরকারী-করণের সিদ্ধান্ত চূড়ান্ত করল রাজ্য সরকার

বিশেষ প্রতিবেদক : বহু অন্যায় অনাচারের সঙ্গে স্থানীয় পত্র-পত্রিকাগুলির প্রায়ই শিরোনামে থাকা মৃতপ্রায় জঙ্গিপুর মহকুমা সরকারী হাসপাতালকে অবশেষে বেসরকারী সংস্থার হাতে তুলে দিতে চলেছে রাজ্য সরকার। খবরে প্রকাশ, লাগামছাড়া অনাচার ও বেনিয়মের ধাক্কায় জঙ্গিপুর হাসপাতাল প্রায় বন্ধ হয়ে গিয়েছে বলে স্বাস্থ্যমন্ত্রী পার্থ দে সাংবাদিকদের জানান। এমতাবস্থায় স্ব্যাস্থ্যদপ্তর বাধ্য হয়েই রাজ্যের অন্য দুই হাসপাতালের সঙ্গে জঙ্গিপুর হাসপাতালকেও বেসরকারীকরণের সিদ্ধান্ত নিয়ে ফেলেছেন। জঙ্গিপুর ছাড়া রাজ্যের উত্তর ও দক্ষিণ ২৪ পরগণার দুটি হাসপাতালও বেসরকারীকরণের তালিকায় আছে। বামফ্রন্টের দীর্ঘ ২২ বছরের রাজত্বে এই প্রথম রাজ্য সরকার সরকারী হাসপাতালকে বেসরকারীকরণের সিদ্ধান্ত নিলেন। স্বাস্থ্যদপ্তর সূত্রে খবর মন্ত্রী শ্রীদে সাংবাদিকদের জানিয়ে দেন, সরকার ঐ তিন হাসপাতাল চালাতে ব্যর্থ। (শেষ পৃষ্ঠায়)

## পরীক্ষা কেন্দ্রে রঘুনাথগঞ্জ বয়েজের এক শিক্ষকের বেনিয়ম ও কর্তৃপক্ষের উদাসীনতাকে নিয়ে শহরে গুঞ্জন

নিজস্ব সংবাদদাতা : সদ্য সমাপ্ত এবছরের মাধ্যমিক পরীক্ষায় রঘুনাথগঞ্জ বয়েজ হাই-স্কুলের শিক্ষক আলি মর্তুজা মন্ডল তাঁর পরীক্ষার্থী মেয়েকে পরীক্ষাকেন্দ্রে প্রথম দিন থেকেই প্রশ্নোত্তরে নানাভাবে সাহায্য করেছেন বলে ঐ কেন্দ্রের ১০ নম্বর ঘরের পরীক্ষার্থীরা ও কিছু অভিভাবক অভিযোগ করেন। পরীক্ষার্থীদের বক্তব্য, মর্তুজা সাহেব কখনও নিজে, কখনও অন্য শিক্ষক বা বিদ্যালয়ের চতুর্থ শ্রেণীর কর্মী মারফত প্রশ্নোত্তর পাঠান তাঁর মেয়ে অসুস্থ থাকায় ওষুধ পাঠাবার অছিলায়। এ প্রসঙ্গে বিদ্যালয়ের প্রধান শিক্ষক স্বপন দাস বলেন, অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন। মর্তুজাবাবু মাধ্যমিকে গার্ড নেননি। কেবলমাত্র হাজিরা খাতায় সই করতে বিদ্যালয়ে আসতেন। এছাড়া তাঁর মেয়ে অসুস্থ থাকায় সে তিনটির বেশী পরীক্ষাতে বসতেও পারেনি। তবে তাঁর অসুস্থ মেয়েকে ওষুধ আমরাই দিয়ে আসি। অভিযুক্ত ঐ শিক্ষকের বিরুদ্ধে এর পূর্বেও অনুরূপ অভিযোগ থাকায় স্কুল কর্তৃপক্ষ কেন আগে থেকেই সজাগ থাকেননি এ প্রশ্ন কিছু অভিভাবকের। এ বিষয়ে শহরের কিছু সচেতন মানুষ মনে করেন, শুধুমাত্র হাজিরা খাতায় সই করবার ব্যবস্থা প্রধান শিক্ষক পরীক্ষায় ডিউটি না নেওয়া শিক্ষকদের সহজেই পুরোনো বিল্ডিং-এ করতে পারতেন। আর পরীক্ষার্থী অসুস্থ থাকলে তাকে সিকবেডে পরীক্ষা দেওয়ার ব্যবস্থাও নিতে পারতেন। তাই এ ঘটনায় স্কুল কর্তৃপক্ষ বিদ্যালয়ের সুনাম নষ্ট যাতে না হয় সে ব্যাপারে ঐ বিতর্কিত শিক্ষক বা তাঁর মেয়ের ব্যাপারে সঠিক ব্যবস্থা নিতে ব্যর্থ হয়েছেন বলে অনেকের অভিমত।

## ভয়াবহ ট্রেন ডাকাতিতে দুই জি, আর, পিসহ বেশ কিছু যাত্রী আহত

নিজস্ব সংবাদদাতা : মালদা—আজিমগঞ্জ লাইনের জঙ্গীপুর রোড ষ্টেশন থেকে ধুলিয়ান এলাকা ক্রমশই রেল ডাকাতদের মুক্তাঞ্চলে পরিণত হচ্ছে। তিস্তা তোর্সায় ভয়াবহ ডাকাতির কয়েক সপ্তাহের মধ্যে গত সোমবার ১৫ মার্চ রাত ৯টা নাগাদ ডাউন মালদা টাউন প্যাসেঞ্জার ট্রেনের সংরক্ষিত এস-২ কামরায় ভয়াবহ ডাকাতিতে জনা তিরিশের বেশী যাত্রী সর্বস্বান্ত হয়েছেন। এদের মধ্যে ২০ জন ডাকাতদলের হাতে আহত হয়েছেন। ডাকাতরা দায়িত্বপ্রাপ্ত ফরাক্কার দুই জি, আর, পি কর্মী গণেশচন্দ্র দাস ও আইনুল হকের বন্দুক দুটি ছিনিয়ে নিয়ে চলন্ত গাড়ী থেকে তাঁদের একজনকে ফেলে দেয়। এদের প্রথমে জঙ্গীপুর সদর হাসপাতাল ও পরে বহরমপুর হাসপাতালে ভর্তি করা হয়েছে। ছিনিয়ে নেওয়া দুটি বন্দুক আহিরণ ব্রিজের দক্ষিণে রেল লাইনের ধার থেকে পুলিশ উদ্ধার করেছে বলে মহকুমা পুলিশ প্রশাসক জানিয়েছেন। তবে মঙ্গলবার রাত পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি। ঘটনায় জানা গেছে মালদা টাউনের এস-২ কামরার মোট ৭২টি সংরক্ষিত আসনের ৩০টি করে সিট নিমতিতা ও জঙ্গীপুর রোড ষ্টেশনের জন্য নির্ধারিত। বাকী ১২টির মধ্যে ১০টি গনকরের জন্য নির্ধারিত। নিমতিতা পর্যন্ত এই বগি ফাঁকাই ছিল। মঙ্গলবার বাজার বন্ধ থাকায় অরঙ্গাবাদের বহু ব্যবসায়ী ঐ ট্রেনে সোমবারই কলকাতায় যান। ঐদিন নিমতিতাতে সংরক্ষিত ৩০টি আসনই ভর্তি হয়ে যায়। কিন্তু এই সময় ঐসব যাত্রী ছাড়াও নিমতিতা ও ( শেষ পৃষ্ঠায় )

বাজার খুঁজে ভালো চায়ের নাগাল পাওয়া ভার,
দার্জিলিঙের চূড়ায় ওঠার সাধ্য আছে কার?

শুনুন মশাই, স্পষ্ট কথা বাক্য পারম্পার
মনমাতানো দারুণ চায়ের ভাঁড়ার চা ভাণ্ডার।

সবার প্রিয় চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।

ফোন : আর জি জি ৬৬২০৫

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

২রা চৈত্র বুধবার, ১৪০৫ সাল।

## ॥ আশু কর্তব্য ॥

ভারতে পাক গোয়েন্দা বাহিনী যেভাবে ছড়াইয়া পড়িয়া সুদূরপ্রসারী পরিকল্পনা লইয়া কাজ করিতেছে, তাহা ভাবিবার বিষয়। এই পাক গোয়েন্দা বাহিনী অর্থাৎ আই এস আই কোন সদিচ্ছা, কোন নীতির ধার ধ'রে না। ইহাদের একমাত্র নীতি ভারতকে যে কোন প্রকারে হউক, দুর্বল করা। ভারতের প্রধানমন্ত্রী বাসে 'মিত্রতা কী যাত্রা' করিলেও এবং লাহোর চুক্তি সম্পাদন করিয়া উভয় রাষ্ট্রের মধ্যে মনকষাকষির বরফ গলাইবার চেষ্টা করিলেও আই এস আই-ভবী ভুলিবার নহে।

খবরে জানা যায় যে, পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা আজ বারুদের স্তূপের মধ্যে রহিয়াছে। আর ডি এক্স-এর মত অতি মারাত্মক বিস্ফোরক বিভিন্ন জেলায় জমা করা হইয়াছে এবং হইতেছে। দিন গণিবার অপেক্ষা, যাহাকে বলে, 'কাউন্ট ডাউন', সময় আসিলেই অগ্নিস্ফুলিঙ্গ যুক্ত হইয়া অঘটন ঘটিতে পারে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের রিপোর্ট হইতে এই বিষয় জানা যাইতেছে। তামিলনাড়ু, অন্ধ্রপ্রদেশ ও কেরালাতেও পাক-গোয়েন্দা বাহিনী সক্রিয়। এই রাজ্যগুলিতে নাশকতামূলক কাজে জড়িত লোকজনদের গ্রেপ্তার করা হইলেও এই রাজ্যে ধরপাকড়ের তৎপরতা তেমন লক্ষণীয় নয় বলিয়া কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রক রিপোর্ট হইতে জানা যাইতেছে।

এই রাজ্যের মুর্শিদাবাদ, মালদহ, উত্তর ও দক্ষিণ ২৪-পরগণা, উত্তর ও দক্ষিণ দিনাজপুর এবং নদীয়া জেলাগুলিতে মৌলবাদী মুসলিম সংগঠনগুলি যথেষ্ট সক্রিয় বলিয়া খবরে জানা যাইতেছে। বহু মাদ্রাসার মাধ্যমে দেশে মৌলবাদী ভাবাদর্শ প্রচার চালান হইতেছে। আর এই সব প্রচারকার্য বহুদিন হইতেই চলিয়া আসিতেছে।

মনে হওয়া স্বাভাবিক যে, ভারত কি তবে এই বিষয়ে ঘুমাইয়া রহিয়াছে? রাজ্য সরকারও কি ইহাকে বিরোধীদলের অপপ্রচারের আখ্যা দিবে? এই রাজ্যে আশ্চর্যকমের অনুপ্রবেশ দীর্ঘদিন ধরিয়া চলিয়াছে। এতদিন রাজ্যসরকারের নীরবতা বজায় ছিল কোনও অজ্ঞাত কারণে। কিন্তু বর্তমানে এই রাজ্যে আই এস আই-এর কার্যকলাপ সরকারীভাবে স্বীকার করা হইয়াছে।

রঘুনাথগঞ্জ—জঙ্গিপুর শহরে আজ অপরিচিত মুসলিম মানুষের গতিবিধি চূড়ান্তভাবে বাড়িয়া গিয়াছে। অন্যান্য সীমান্ত এলাকায় একই অবস্থা। অনুপ্রবেশকারীদের সংখ্যা নির্ধারণ সহজ নহে। সীমান্ত পার হইয়া এদেশে আসিয়া রেশন-কার্ড সংগ্রহ করিয়া ভোটে অংশগ্রহণের কাজ চলে। সংশ্লিষ্ট রাজনৈতিক দলগুলি সমর্থনের আনুকূল্যে মশগুল থাকে। কিন্তু যে বিষবৃক্ষ রোপণ করা হয়, তাহার উৎপাটন সহজসাধ্য নহে। অনুপ্রবেশকারীরা মৌলবাদী সংগঠনগুলির সহিত মিলিত হইয়া সংখ্যাবৃদ্ধি ঘটাইয়া চলে। উগ্রপন্থীদের সঙ্গে মিলিয়া তাহারা নানা ক্ষতিকর কাজে লিপ্ত হইয়া পড়ে।

দ্বিবিধ লক্ষ্য লইয়া তাহারা এইরূপ করিতেছে অন্তর্ঘাতমূলক ক্রিয়াকলাপ দ্বারা দেশ জেরবার হউক—এই প্রচেষ্টা তাহাদের প্রাথমিক কাজ। দ্বিতীয়ত ক্রমাগত সংখ্যাবৃদ্ধি ঘটাইয়া পুনরায় দ্বিজাতিতত্ত্বের ভিত্তিতে দেশভাগের জিগির তোলা। এই উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ, অসম, উত্তরপূর্বাঞ্চল, নিম্নদক্ষিণবঙ্গে জম্বুদ্বীপ ও অন্যান্য স্থানে সংখ্যাধিক্য ঘটাইয়া পৃথক রাষ্ট্রের দাবী বা দেশভাগের দাবী তুলিতে তথাকথিত মৌলবাদী সংগঠনগুলি সোচ্চার হইবার দিনের অপেক্ষায় রহিয়াছে। সেই পরিস্থিতির মোকাবিলা রাজ্যসরকার ও কেন্দ্রীয় সরকার কীভাবে করিবে, তাহা চিন্তনীয়। নাকি 'অর্দ্ধং ত্যজতি পণ্ডিতঃ' নীতি অনুসৃত হইবে? এখন কেন্দ্রে সরকার ফেলিয়া অন্য সরকার গড়িবার মাতামাতি ছাড়িয়া এইদিকে, অর্থাৎ দেশের সার্বভৌমত্ব তথা অখণ্ডতা রক্ষার দিকে মনোযোগপ্রদান এবং কর্মপন্থা গ্রহণ আশু কর্তব্য। কেন্দ্রীয় সরকার অথবা রাজ্য সরকারকে বিষয়টি ভাবিতে হইবে এবং মৌলবাদী সংগঠনগুলির ক্রিয়াকলাপ বন্ধ করিতে হইবে।

## চিঠি-পত্র

( মতামত পত্রলেখকের নিজস্ব )

### জমি নিয়ে কারচুপি প্রসঙ্গে

'জঙ্গিপুর সংবাদ পত্রিকায় গত ইং ২৪-২-৯৯ সংখ্যায় 'অনুমতি দখলের জমি নিয়ে কারচুপি চলছে' শিরোনামে যে সংবাদ পরিবেশিত হইয়াছে উক্ত সংবাদ অসত্য। জঙ্গিপুর মৌজার ৫১২নং দাগ সম্পত্তি শিবনারায়ণ শুকুলের পিতার নিকট হইতে দানপত্র মূলে প্রাপ্ত হইয়া উক্ত জমির স্বত্বাধিকারী বিনয় চক্রবর্তী অথবা তাঁহার বংশধর পশুপতি চক্রবর্তী হওয়ার উক্তিসমূহ আদৌ সত্য নহে। পশুপতি চক্রবর্তী অসাক্ষাতে সরজমিন তদন্ত হওয়া অথবা সংশ্লিষ্ট অফিসে মামলার শুনানীর কার্যাদি হওয়ার বিষয় যাহা উল্লিখিত হইয়াছে তাহাও সম্পূর্ণ মিথ্যা। মামলার উভয় পক্ষের উপস্থিতিতে সরজমিন তদন্ত করা হইয়াছে এবং সরকারী অফিসে উক্ত মামলার শুনানীর কার্যাদি উভয় পক্ষের সাক্ষাতে যথারীতি সম্পাদিত হইয়াছে।

৭/৩/৯৯ শিবনারায়ণ শুকুল
জঙ্গিপুর বাবুবাজার

## চারণ কবি গুমানী দেওয়ানের জন্মশতবার্ষিকী পালন

নিজস্ব সংবাদদাতা : চারণ কবি গুমানী দেওয়ানের জন্মশতবার্ষিকী উৎসব উদ্‌যাপিত হয়ে গেল তাঁর গ্রাম সাগরদীঘির জিন-দীঘিতে। এই বৎসর চারণ কবির ১০৩তম জন্মবার্ষিকী হলেও পশ্চিমবঙ্গ সরকারের লোক সংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র এবং তথ্য ও সংস্কৃতি বিভাগ, মুর্শিদাবাদের উদ্যোগে গত ৫, ৬ ও ৭ মার্চ শতবর্ষ উৎসব ও কবিয়াল মেলার আয়োজন করা হয়। গত ৫ মার্চ থেকে জিনদীঘি গ্রামের দীঘির পারে তিন দিনের মেলা বসে। প্রথম দিন বিকেলে জিনদীঘি হাই স্কুলে বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ ও নদীয়ার ১৩৭ জন কবিয়াল গুমানী দেওয়ানের বিষয়ে আলোচনা ও ভাববিনিময় করেন। সন্ধ্যায় শতবর্ষ মঞ্চে গুমানী দেওয়ানের ক্যাসেট বাজিয়ে সভার উদ্বোধন করা হয়। সে দিনের প্রথম বক্তা ছিলেন মোজাফ্‌ফর হোসেন। এছাড়া অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিমবঙ্গ সরকারের সচিব প্রদীপ ঘোষ, মালদার বিধায়ক ও জেলা পরিষদের কর্মাধ্যক্ষ। বেশ কিছু কবিয়াল দল 'একাল ও সেকাল' বিষয়বস্তু নিয়ে সারারাত কবিগানে মেতে ওঠেন। ৬ মার্চ দিনটি ছিল গুমানী দেওয়ানের জন্মদিন। লোক সংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি চর্চা কেন্দ্রের সভানেত্রী ডঃ মালিনী ভট্টাচার্য্য, মিহির ভট্টাচার্য্য, মুর্শিদাবাদ জেলা পরিষদের সভাধিপতি সচ্চিদানন্দ কাণ্ডারী, সাগরদীঘির বিধায়ক পরেশ দাস ও মোজাফ্‌ফর হোসেনের উপস্থিতিতে ও কবিয়ালদের নিয়ে দ্বিতীয়বার মিলন সভা বসে। তাতে ১৮ জন কবিয়াল তাঁদের সম্প্রদায়ের দুর্দশা নিয়ে আলোচনা করেন। বিকেলে এক মিছিল দেওয়ানজীর সমাধি অবধি যায়। এবং সেখানে ( শেষ পৃষ্ঠায় )

### জায়গা বিক্রী

মিঞাপুর, জয়রামপুর ও বালিঘাটায় প্লট করে বাসোপযোগী জায়গা বিক্রী করা হবে।

চুনীলাল মুখার্জী
রঘুনাথগঞ্জ বালিঘাটা
ফোন : ৬৬৭০৫

## পদযাত্রাকে সামনে রেখে
## ভারতীয় গণনাট্য সংঘের কর্মিসভা

নিজস্ব প্রতিনিধি ঃ গত ১১ মার্চ রঘুনাথগঞ্জে পৌর শ্রমিক কর্মচারী ইউনিয়নের কার্যালয়ে ভারতীয় গণনাট্য সংঘের জঙ্গিপুর ও রঘুনাথগঞ্জ শাখা সাংস্কৃতিক কর্মীদের নিয়ে এক সভার আয়োজন করে। সভায় পশ্চিমবঙ্গ লোকশিল্পী পর্ষদ ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের সদস্য মোজাফ্ফর হোসেন ছিলেন প্রধান বক্তা। মানিক চ্যাটার্জীর সভাপতিত্বে ও মহকুমার কবিয়াল, মনসামঙ্গল ও সত্যপীরের শিল্পীদের উপস্থিতিতে সভায় লোকশিল্প নিয়ে দীর্ঘ আলোচনা হয়। বক্তা মোজাফ্ফর হোসেন বিশ্বায়নের নামে সংস্কৃতি জগত কিভাবে বিপন্ন হয়ে পড়ছে তা বিস্তৃতভাবে আলোচনা করেন। মানুষের দারিদ্র যে তাঁর শিল্পীসত্তাকে স্তিমিত করে দিতে পারে না—তা তিনি বারবার মনে করিয়ে দেন। সভা থেকেই আগামী ২০– ২২ মার্চ পদযাত্রায় অংশগ্রহণের অঙ্গীকার করা হয়। সভায় মৃগাঙ্ক ভট্টাচার্য্য, উদয় ঘোষ, প্রাণবন্ধু মণ্ডল, শত্রুঘ্ন সরকার প্রমুখ গণতান্ত্রিক আন্দোলনের নেতারাও উপস্থিত ছিলেন। মৃগাঙ্কবাবু জানান, বিজেপি জোট সরকারের দ্রব্যমূল্য বৃদ্ধিসহ দেশের বিভিন্ন প্রান্তে সাম্প্রদায়িক হত্যা ও ধর্মনিরপেক্ষ সংস্কৃতির উপর আক্রমণের তীব্র প্রতিবাদস্বরূপ আগামী ২০—২২ মার্চ মহকুমার বিভিন্ন স্থান থেকে বামপন্থী সংগঠনের নেতৃবৃন্দ ঐ পদযাত্রায় সামিল হবেন। তিনি আরও জানান রঘুনাথগঞ্জ বালিঘাটা থেকে ২০ মার্চ যাত্রা শুরু করে ১০০ জনের একটি দল মনিগ্রাম, সাগরদীঘি, পলসন্ডা হয়ে ২২ মার্চ বহরমপুর পেঁছিবে। অন্য একটি দল রঘুনাথগঞ্জ ২নং ব্লকের মিঠিপুর থেকে ঐ দিনই যাত্রা শুরু করে লালগোলা, ভগবানগোলা হয়ে ২২ মার্চ বহরমপুর পেঁছিবে। ফরাক্কা থেকেও অনুরূপ একটি দল ৩৪নং জাতীয় সড়ক ধরে বহরমপুরে সামিল হবে।

---

***পশ্চিমবঙ্গ সরকার***

### শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারিকের করণ
### সুতী ১নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প

*আহিরণ ★ মুর্শিদাবাদ*

স্মারক সংখ্যা ৪১(ক)/সুতী-১/আই সি ডি এস/আহিরণ
তারিখ ১১/০৩/৯৯

## বি জ্ঞ প্তি

সুতী ১নং সুসংহত শিশু বিকাশ প্রকল্পের অন্তর্গত বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের কতকগুলি কেন্দ্রের জন্য কিছু সহায়িকা নিয়োগ করা হবে। বিশদ বিবরণের জন্য নিম্ন স্বাক্ষরকারীর কার্য্যালয়ে ০৯/০৪/৯৯ তারিখের মধ্যে যোগাযোগ করুন।

পার্থসারথি বসু
শিশু বিকাশ সেবা প্রকল্প আধিকারিক
সুতী ১নং সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
পোঃ আহিরণ ( মুর্শিদাবাদ )

১১/০৩ ৯৯

Memo No. 42 / Suti-I / I. C. D. S. / Ahiran
Date 11. 03. 99

---

## বি জ্ঞ প্তি
## বিবেকানন্দ বিদ্যানিকেতন

( ইংরাজী মাধ্যম বিদ্যালয় )

*জঙ্গিপুর ✪ মুর্শিদাবাদ*

আগামী ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে ভর্ত্তি হইবার জন্য ফর্ম দেওয়া হইতেছে। তিন হইতে পাঁচ বৎসর শিশুদের নার্শারী, প্রিপারেটরী ক্লাসে ভর্ত্তি করা হয়। কেজি হইতে স্ট্যান্ডার্ড ফোর ক্লাসে ভর্ত্তি হইতে গেলে এ্যাডমিশন টেষ্ট দিতে হয়। ১৬ই এপ্রিল হইতে ভর্ত্তি শুরু হইবে। যোগাযোগ করুন।

*যোগাযোগের স্থান ঃ—*

১। জঙ্গিপুর উচ্চ বালিকা বিদ্যালয়।
২। রঘুনাথগঞ্জ উচ্চ বিদ্যালয় ( পুরাতন ভবন )।
সময় ঃ সকাল ৮টা হইতে ৯টা পর্যন্ত।

*ডি, এস, নাথ* ( ভারপ্রাপ্ত শিক্ষক )
বিবেকানন্দ বিদ্যানিকেতন

---

## N. I. T. No. 2 of 1998-99

Dated 12. 3. 99, Raghunathganj

## NOTICE

## Jangipur Regulated Market Committee

**P. O. Raghunathganj, Dt. Murshidabad**

| | Name of the work | Tender Amount |
|---|---|---|
| 1. | Construction of Passenger Shed on Omarpur-Murarai Road near Barala R. D. Sen High School during 1998-99 under Raghunathganj-I Block. | Rs. 78,125.00 |

Application for Tender papers accompanied by upto date attested I. T./S. T./P. T. clearance and credentials certificates to be submitted to the Secretary, Jangipur Regulated Market Committee, Raghunathganj within 3-00 p. m. upto 25. 3. 99. Earnest money to be deposited in favour of Secretary, Jangipur Regulated Market Committee by Bank Draft only.

Date of issue of tender paper on 26. 3. 99 upto 3-00 p. m. Date & time of receipt of tender papers upto 1-00 p. m. on 30. 3. 99. Date & time of opening tender at 1-30 p. m. on 30. 3. 99.

Tender papers will be issued offer verification of I.T./S.T./P.T. and credentials certificates.

The unders gned reserves the right to accept or reject the tenders without assigning any reason thereof. For details please contact the above office.

Secretary,
Jangipur Regulated Market Committee.

Ref No. 50 / J. R. M. C. Date 15. 3. 99

## এ পি ডি আরের ৩য় বার্ষিক সম্মেলন

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ থানার পুলিশ কর্মীদের বেআইনী কার্যকলাপ ও দুর্নীতি বন্ধ করতে এবং জঙ্গিপুর মহকুমা হাসপাতালের সমস্ত ডাক্তার ও কর্মীগণ বদলির দাবীতে ব্যাপক গণ আন্দোলন গড়ে তোলার শপথ নিয়ে স্থানীয় সদরঘাটে এ পি ডি আর রঘুনাথগঞ্জ শাখার তৃতীয় বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়ে গেল গত ২৮ ফেব্রুয়ারী। সভায় রঘুনাথগঞ্জ পারে একটি বয়েজ ও একটি গার্লস হাই স্কুলের দাবী জানানো হয়। শেষে নয়জনকে নিয়ে এক কার্যাকরী কমিটি গঠন করা হয়। তাতে সভাপতি নির্বাচিত হন হরিলাল দাস, সহ-সভাপতি অশোক সাহা ও ডাঃ আশরাফ হোসেন এবং সম্পাদক মহঃ মুস্তাক আলি।

### জন্মশতবার্ষিকী পালন ( ২য় পৃষ্ঠার পর )

সমাধিতে প্রথম মাল্যদান করেন জেলার বর্ষীয়ান কবিয়াল জাবের আলি। রাত্রি ৭টা নাগাদ বিভিন্ন কবিয়াল দল সারারাত্রি কবিগানের আসর বসান। ৭ মার্চ অনুষ্ঠানের শেষ দিন সন্ধ্যায় চারণ কবির কবিতা দিয়ে আসর উদ্বধন করা হয়। সে দিনও সারারাত কবিগান হয়।

### বেশ কিছু যাত্রী আহত (১ম পৃষ্ঠার পর)

সুজনীপাড়া ষ্টেশনে থেকে আরও জনা দশেক যাত্রী ঐ সংরক্ষিত কামরায় উঠে পড়ে। কিছু যাত্রী দায়িত্ব প্রাপ্ত টি টিকে এ বিষয়ে নালিশ জানালে তিনি কর্ণপাত করেননি। গাড়ী সুজনীপাড়া থেকে ছাড়ার পরই ঐ জনা দশেক যাত্রী স্বমূর্তি ধারণ করে লুঠতরাজ শুরু করে দেয়। এ দর মধ্যে অরঙ্গাবাদের জনৈক ব্যবসায়ী অশোক চৌধুরীর কাছ থেকে ৫০,০০০ টাকা লুঠ করা হয় বলে খবর। এছাড়া যাত্রীদের বন্দুক ও ছুরি দিয়ে আহত করে। প্রতিরোধে এগিয়ে আসা কয়েকজন যাত্রীকে নিয়ে দুষ্কৃতিরা আহিরণ ব্রীজের কাছে ট্রেন থামিয়ে নেমে পড়ে। ট্রেনটি জঙ্গিপুর রোড ষ্টেশনে এলে রক্তাক্ত যাত্রীরা তাঁদের অবস্থার কথা জানালে উপস্থিত যাত্রীরা উত্তেজিত হলে এখানে কয়েক ঘন্টা ট্রেন আটকে পড়ে। চলন্ত গাড়ী থেকে ফেলে দেওয়া জি. আর, পি কর্মী আইনাল হক গ্রামের মানুষের সাহায্যে রাত ১২টা নাগাদ সুতী থানায় পৌঁছলে তাঁকে জঙ্গিপুর হাসপাতালে এনে ভর্তি করা হয়। স্থানীয় ব্যবসায়ী ও অধিবাসীদের প্রশ্ন এই একই অঞ্চলে পরপর ট্রেন ডাকাতি প্রশাসনের চোখের সামনে ঘটে চললেও কোনো ব্যবস্থা নেওয়া কেন হয়নি। এ অঞ্চল থেকে দিনে ব্যবসায়ীদের কলকাতায় যাবার সে রকম কোনো ট্রেন নেই। প্যাসেঞ্জার ট্রেন বলতে এতদিন রাতে মালদা টাউনই ছিল ভরসা। কিন্তু সে ট্রেন নিরাপত্তার অভাব চূড়ান্ত। আর সংরক্ষিত কামড়ার টিকিট পরীক্ষকরা পয়সার বিনিময়ে অবাঞ্ছিত লোকদের নিয়মিত সংরক্ষিত কামরায় প্রবেশের অনুমতি দেন। এর জন্যই সোমবারের এই দুঃখজনক ঘটনা ঘটেছে বলে যাত্রীদের অভিযোগ। অন্যদিকে জঙ্গিপুর মহকুমার অভিজ্ঞ মহলের ধারণা—এই এলাকার প্রায় ঘাটে চোরাচালান বর্তমানে বন্ধ হয়ে যাওয়ায় ট্রেন ও বাস ডাকাতির সংখ্যা মহকুমায় বৃদ্ধি পাচ্ছে


### বাড়ী বিক্রয়

ফুলতলা মসজিদের এবং রায় নার্সারীর বিপরীতে একটি বড় দ্বিতল বাড়ী বিক্রয়।

যোগাযোগের ঠিকানা—
অনুপ চক্রবর্তী ( কৈলাশ )
৩৩০, রফি আহমেদ কিদোয়াই রোড, কলিকাতা– ৫৫
টেলিফোন নং : ০৩৩—৫৫০৬৩৪১


### হাসপাতাল বেসরকারীকরণ ( ১ম পৃষ্ঠার পর )

এ ছাড়া প্রায় বন্ধ জঙ্গিপুর হাসপাতাল সচল রাখতে সরকারের মাসে ২০–২২ লক্ষ টাকা খরচ হলেও তা থেকে যা পরিষেবা পাওয়া যায় তাতে সরকার সন্তুষ্ট নয়। এই তিন হাসপাতালের বেসরকারীকরণের ফলাফল দেখে অন্য রুগ্ন হাসপাতালগুলিকেও বেসরকারী সংস্থার হাতে তুলে দেবে সরকার। নীতিগতভাবে বেসরকারীকরণের বিরুদ্ধে হলেও হাসপাতালগুলিকে বেসরকারীকরণ করতে কর্মী বা ইউনিয়নের আপত্তিকে সরকার বিশেষ গুরুত্ব দেবে না। এছাড়া একেবারে অচল স্বাস্থ্যকেন্দ্রগুলি বেছে রাজ্য সরকার তা জেলা পরিষদের হাতে তুলে দেবে। জেলা পরিষদ চুক্তির ভিত্তিতে কর্মী নিয়োগ করবে। তবে হাসপাতালগুলিকে কিছু সরবরাহ না করলেও স্বাস্থ্যকেন্দ্রগুলির ওষুধপত্র ও কর্মীদের মাইনে স্বাস্থ্য দপ্তরই সরবরাহ করবে। হাসপাতালগুলিকে নেবার ব্যাপারে দেশের কিছু অনাবাসী ভারতীয়, সংস্থা ও ব্যক্তি আগ্রহ প্রকাশ করেছেন বলে জানা যায়। রাজ্য সরকারের হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলির পিছনে মাসে কোটি কোটি টাকা ব্যয় হলেও বামফ্রন্টের ভোট ব্যাঙ্ক গ্রামাঞ্চলের মানুষের চিকিৎসার ব্যাপারে হয়রানির শেষ থাকে না। তাই প্রায় বন্ধ হাসপাতালগুলির পিছনে আর কাড়ি কাড়ি টাকা ঢেলে রাজ্য সরকার বদনাম নিতে রাজী হচ্ছে না। মহাকরণ থেকে আমাদের বিশেষ সংবাদদাতা সর্বশেষ খবরে জানাচ্ছেন স্বাস্থ্যদপ্তর ঐ তিন হাসপাতালকে বেসরকারীকরণের ব্যাপারে এখনও চূড়ান্ত সিদ্ধান্তে আসতে পারেনি। আলোচনা চলছে।


### বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জের মূল বাজারের নিকট ৬ শতক জমির উপর একটি দোতলা বাড়ী বিক্রয় আছে। মোট ঘরের সংখ্যা ১৭টি। তার মধ্যে ৬টি ঘর ব্যবসা ও দোকানের জন্য প্রস্তুত হয়ে আছে। সত্বর যোগাযোগ করুন।

মৃণাল ব্যানার্জী (এ্যাডভোকেট)
বাজারপাড়া, রঘুনাথগঞ্জ



সকলকে অভিনন্দন জানাই—

রঘুনাথগঞ্জ ব্লক নং-১
রেশম শিল্পী সমবায় সমিতি লিঃ
( হ্যাণ্ডলুম ডেভেলপমেন্ট সেন্টার )
রেজিঃ নং–২০ ✱ তারিখ–২১-২-৮০
গ্রাম মির্জাপুর ॥ পোঃ গনকর ॥ জেলা মুর্শিদাবাদ
ফোন নং–৬২০২৭



ঐতিহ্যমণ্ডিত সিল্ক, গরদ, কোরিয়াল জামদানী জাকার্ড, সার্টিং থান ও কাঁথাষ্টিচ শাড়ী, প্রিন্ট শাড়ী সুলভ মূল্যে পাওয়া যায়।

বিশেষ সরকারী ছাড় ১০%

✪ সততাই আমাদের মূলধন ✪

| | | |
|---|---|---|
| জয়ন্ত বাধিড়া | ধনঞ্জয় কাদিয়া | অচিন্ত্য মনিয়া |
| সভাপতি | ম্যানেজার | সম্পাদক |


দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ) পিন ৭৪২২২৫ হইতে সত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।